

2 0 2 3

ADVANCE BENGALI

Full Marks : 100

Pass Marks : 30

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

ALLOTMENT OF MARKS

Q. No. 1 carries 1 mark each	:	$1 \times 12 = 12$
Q. No. 2 carries 2 marks each	:	$2 \times 12 = 24$
Q. Nos. 3 & 4 carry 8 marks each	:	$8 \times 2 = 16$
Q. No. 5 carries 4 marks	:	$= 4$
Q. No. 6 carries 7 marks	:	$= 7$
Q. No. 7 carries 8 marks	:	$= 8$
Q. No. 8 carries 7 marks	:	$= 7$
Q. No. 9 carries 10 marks	:	$= 10$
Q. No. 10 carries 4 marks each	:	$4 \times 3 = 12$
		<hr/>
		Total = 100

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষেপে উত্তর দাও :

১×১২=১২

(ক) শব্দার্থ লেখো :

পাণি অথবা রানার

(খ) “_____ হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।” (শূন্যস্থান পূর্ণ করো)

(গ) “নবীন কিশোর, তোমায় দিলাম _____ ডাঙার মেঘলা আকাশ”
(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) ‘ভুখা মিছিল’, ‘অহল্যা’, ‘রাম গেছে বনবাসে’—কাব্যগ্রন্থগুলির কবি কে?

(ঙ) “আমাদের দেশে যেমন রামায়ণ-মহাভারত”, তেমনই প্রাচীন গ্রীসে কী?

(চ) ‘বসু বিজ্ঞান মন্দির’ কে প্রতিষ্ঠা করেন?

(ছ) ‘রূপকথা’ বলতে কী বোঝো?

(জ) কাবুলিওয়ালার প্রকৃত নাম কী?

(ঝ) ‘খোকাবাবুর প্রত্যাবর্তন’ গল্পে মোট কয়টি পরিচ্ছেদ আছে?

(ঞ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের লেখক কে?

(ট) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের লেখক কে?

(ঠ) মালাধর বসুর অপর নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×১২=২৪

(ক) “অভিনব হেম কল্পতরু সঞ্চরু”— এখানে ‘কল্পতরু’ বলতে কী বুঝিয়েছে?

(খ) “নমোনমো নম, সুন্দরী মম জননী বঙ্গভূমি!” পঙ্ক্তিটি কোন্ কবিতার অংশ?
কবি কে?

(গ) “বেয়নেট হোক যত ধারালো—
কাস্তেটা ধার দিয়ো, বন্ধু!”—‘বেয়নেট’ ও ‘কাস্তে’ কী?

(ঘ) টীকা লেখো :

জাহ্নবী অথবা সরযু।

(ঙ) রবীন্দ্রনাথের মতে ‘রামায়ণ’-এর প্রধান বিশেষত্ব কী?

(চ) রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ কী?

- (ছ) “সকলেই মনে মনে বুঝিল পদ্মারই এই কাজ।” পদ্মা কে? কাজটিই-বা কী?
- (জ) “মরণকালে বুদ্ধিনাশ হয়। এমন সোনার চাঁদ ভাইপো থাকিতে—” উক্তিটি কার? ‘সোনার চাঁদ ভাইপো’টি কে?
- (ঝ) বৈষ্ণব পদসাহিত্য রচনাকারদের মধ্যে কাকে ‘দ্বিতীয় বিদ্যাপতি’ বলা হয়?
- (ঞ) বাংলা সাহিত্যে ‘কবিকঙ্কণ’ কাকে বলা হয়? তাঁর সুবিখ্যাত গ্রন্থটির নাম লেখো।
- (ট) দৌলত কাজি কে ছিলেন?
- (ঠ) ভারতচন্দ্র রচিত যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো।

৩। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

8

“আমি শুনে হাসি, আঁখিজলে ভাসি, এই ছিল মোর ঘটে—
তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে॥”

অথবা

“রানার! রানার! ভোর তো হয়েছে—আকাশ হয়েছে লাল
আলোর স্পর্শে কবে কেটে যাবে এই দুঃখের কাল?”

(খ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

8

গোবিন্দদাসের পদটির কাব্যসৌন্দর্য বর্ণনা করো।

অথবা

‘উত্তরাধিকার’ কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো।

৪। (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

8

“রামায়ণ সেই নরচন্দ্রমারই কথা, দেবতার কথা নহে। রামায়ণে দেবতা নিজেকে
খর্ব করিয়া মানুষ করেন নাই, মানুষই নিজগুণে দেবতা হইয়া উঠিয়াছেন।”

অথবা

“রূপকথার সৌন্দর্যসম্ভার তাহারই জন্য, যে পৃথিবীর সংকীর্ণ আয়তনের মাঝে নিজ
আশা ও কল্পনাকে সীমাবদ্ধ করে নাই।”

(খ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :

8

ভগীরথের গঙ্গা আনয়নের বৃত্তান্ত বর্ণনা করো।

অথবা

রূপকথা ও উপকথার মধ্যে পার্থক্য কোথায়?

- ৫। সংক্ষিপ্ত উত্তর দাও : ৪
- (ক) ‘কাবুলিওয়ালা’ গল্পটি অবলম্বনে মিনি চরিত্রটি আলোচনা করো।
অথবা
- (খ) রাইচরণ কীভাবে এবং কেন নিজের সন্তানকে তাঁর প্রভুর গৃহে ফিরিয়ে দিয়েছিল,
আলোচনা করো।
- ৬। (ক) ‘সনেট’ কবিতাটিতে কবির বক্তব্য-বিষয়কে তোমার নিজের ভাষায় গুছিয়ে লেখো। ৭
অথবা
- (খ) ‘রানার’ কবিতা অবলম্বনে রানারের জীবনের একটি লিপিচিত্র অঙ্কন করো।
- ৭। (ক) ‘রাজধর্ম’ অনুসরণে রাম চরিত্র বর্ণনা করো। ৮
অথবা
- (খ) রূপকথায় আমাদের বঙ্গদেশের যে সামাজিক ও পারিবারিক ছবি পাওয়া যায় তার
পরিচয় দাও।
- ৮। (ক) রামকানাই কি যথার্থই নিবুদ্ধিতার পরিচয়ই দিয়েছিল? তাঁর উক্ত নিবুদ্ধিতার মধ্য
দিয়ে তাঁর চরিত্রের কোন্ পরিচয় পাওয়া যায়? ৯
অথবা
- (খ) ‘খোকাবাবুর প্রত্যাবর্তন’ গল্পটি করুণরসের কাহিনি—তোমার অভিমত ব্যক্ত করে
আলোচনা করো।
- ৯। (ক) বাংলা সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা
- (খ) বাংলা সাহিত্যের ইতিহাসে আরাকান রাজসভার কবিদের কাব্যরচনার গুরুত্ব
কোথায়? এই রাজসভার দুজন প্রধান কবির নাম লেখো। এঁদের মধ্যে যে কোনো
একজনের কবি-প্রতিভা সম্পর্কে আলোচনা করো।
- ১০। টীকা লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২
- বিদ্যাপতি ; কৃত্তিবাস ওঝা ; কেতকাদাস ক্ষেমানন্দ ; জ্ঞানদাস ; বৃন্দাবনদাস ;
রামপ্রসাদ সেন ; ‘শিবায়ন’ কাব্য।
